তারিখ ... 26 OCT 2002
পৃষ্ঠা ~ ১৬ কলাম ~ ৪

# ছাত্র রাজনীতির বর্তমান ধারা ছাত্রদের দুর্বল করেছে : যোগাযোগমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

যোগাযোগমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা বলেছেন, ছাত্র রাজনীতির বর্তমান ধারা ছাত্রদের দুর্বল করে দিয়েছে। ছাত্র সংগঠনগুলো রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত থেকে আজ দ্বিধাবিভক্ত। জাতীয় সমস্যা মোকাবেলায় তারা ঐক্যবদ্ধ হতে পারছে না। তিনি গতকাল গ্রাজুয়েটস এসোসিয়েশন অব দোহারের বার্ষিক সাধারণ সভা ও সনদপত্র প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। রাজধানীর বিয়াম মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোঃ আইয়ুব আলী। বক্তৃতা

ছাত্র : পৃষ্ঠা : ১৩ কলাম : ৭

## ছাত্র : যোগাযোগমন্ত্রী

(শেষ পৃষ্ঠার পর)

করেন সাধারণ সম্পাদক মোঃ আশরাফ আলী, ডা. জালাল উদ্দিন আহমদ এবং আবদুল হালিম হাওলাদার।

যোগাযোগমন্ত্রী দোহার থানার শিক্ষা প্রতিষ্ঠানকে নকল ও রাজনীতিমুক্ত রাখার আহ্বান জানিয়ে বলেন, ঐ অঞ্চলের গ্রাজুয়েটদের নিজেকে দেশের নেতৃত্ব প্রদানে উপযোগী করে গড়ে তুলতে হবে। তিনি সংগঠনের নবনির্বাচিত কমিটির সদস্যদের অভিনন্দন জানান। বার্ষিক সাধারণ সভায় মোঃ আইউব আলীকে সভাপতি ও মোঃ আশরাফ আলীকে সাধারণ সম্পাদক করে আগামী দুবছরের জন্য ৪১ সদস্যের নবনির্বাচিত কমিটির সদস্যদের পরিচয় করিয়ে দেয়া হয়। পরে সংগঠনের ৬৫ জন আজীবন সদস্যদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।